
জুলাই-জুন, ২০১৩-১৪ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৩-২০১৪ অর্থবছরের এপ্রিল-জুন সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছর শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ

জুলাই-জুন, ২০১৩-১৪ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ২৪,৭০৯.৫৪ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ২১,৫৭৭.২৩ কোটি টাকা এবং ৩,১৩২.৩১ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১২-১৩ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ২১,০৯১.৭৩ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ১৮,২৬৩.৭৪ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ২,৮২৭.৯৯ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পখাতে বিগত ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ১৮.১৪%, ১০.৭৬% ও ১৭.১৫% বৃদ্ধি পেয়েছে।


চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদি ঋণ	মোট
২০১২-২০১৩	১৮,২৬৩.৭৪	২,৮২৭.৯৯	২১,০৯১.৭৩
২০১৩-২০১৪	২১,৫৭৭.২৩	৩,১৩২.৩১	২৪,৭০৯.৫৪

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ২৪,৭০৯.৫৪ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫.১৯%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭২.৩১%, বিদেশী ব্যাংকসমূহ ১৯.৪৯%, এবং বিশেষায়িত ব্যাংক সমূহ ৩.০০% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)


চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-জুন/২০১৩-১৪



২. ঋণ আদায়


জুলাই-জুন, ২০১৩-১৪ মেয়াদে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ২২,৩৬৯.২৩ কোটি টাকা আদায় হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ১৬,৩০৮.০৯ কোটি টাকা যার তুলনায় ২০১৩-২০১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ৩৭.১৭% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৩-২০১৪ অর্থবছরে আদায়কৃত ২২,৩৬৯.২৩ কোটি টাকার মধ্যে ৬৪.৪৩% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২২.৭৮% বিদেশী ব্যাংক, ৭.৮১% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং অবশিষ্ট ৪.৯৮% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।

চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-জুন, ২০১৩-১৪




৩. বকেয়া ঋণস্থিতি

জুলাই-জুন, ২০১৩-১৪ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৭,৩০০.৮৩ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ১৮,৯১০.৭০ কোটি টাকা এবং মেয়াদি ঋণ খাতে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৮,৩৯০.১৩ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ২৪,০৯০.৫১ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৬,১৮৭.০৭ কোটি টাকা এবং মেয়াদি বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৭,৯০৩.৪৪ কোটি টাকা। আলোচ্য ২০১৩-২০১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় চলতি

মূলধন ঋণ, মেয়াদি ঋণ এবং মোট ঋণ এর বকেয়া স্থিতি যথাক্রমে ২২.৩০%, ২৭.১৫% এবং ২৩.৭৫% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫: বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদি ঋণ	মোট
২০১২-২০১৩	১৬,১৮৭.০৭	৭,৯০৩.৪৪	২৪,০৯০.৫১
২০১৩-২০১৪	১৮,৯১০.৭০	৮,৩৯০.১৩	২৭,৩০০.৮৩

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণের রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২২.৭০%, ৫৪.৯৬%, ৮.০২% এবং ১৪.৩২%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-জুন/২০১৩-১৪



৪. শ্রেণীবিন্যাসিত ঋণ


জুলাই-জুন, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ২,০৪৭.৭৯ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ২,১৩৮.০৯ কোটি টাকা যা ২০১৩-১৪ অর্থবছর শেষে ৪.২২% হ্রাস পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণস্থিতির উপর শ্রেণীবিন্যাসিত ঋণের হার ৭.৫০% যা বিগত ২০১২-১৩ অর্থবছরের শেষে ছিল ৮.৮৮%। ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ১.৩৭ Percentage Point হ্রাস পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণীবিন্যাসিত ঋণের তুলনামূলক চিত্র



২০১৩-১৪ অর্থবছরের কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণীবিনাসিত ঋণ ২,০৪৭.৭৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের ২৪.৪৮%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৩.৫৬%, বিদেশী ব্যাংকসমূহের ১.৩৫% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩০.৬০%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণীবিন্যাসিত ঋণ, জুলাই-জুন/২০১৩-১৪



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থবছর শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ৮.০৯% এবং ১৬.০৩% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।


ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা **(কোটি টাকায়)**

ব্যাংকের ধরণ	বকেয়া ঋণস্থিতি	শ্রেণীবিন্যাসিত ঋণ	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৬,১৯৬.৮১	৫০১.৩৯	৮.০৯%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	১৫,০০৪.৮৬	৮৯২.০৭	৫.৯৫%
বিদেশী ব্যাংক	২,১৮৯.৮২	২৭.৭০	১.২৭%
বিশেষায়িত ব্যাংক	৩,৯০৯.৩৪	৬২৬.৬৩	১৬.০৩%
মোট	**২৭,৩০০.৮৩**	**২,০৪৭.৭৯**	**৭.৫০%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১২-২০১৩ অর্থবছরের সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরে ঋণ বিতরণ, আদায় ও বকেয়া ঋণস্থিতির পরিমাণ যথাক্রমে ১৭.১৫%, ৩৭.১৭%, ১৩.৩৩% বৃদ্ধি পেয়েছে পক্ষান্তরে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ৪.২২% হ্রাস পেয়েছে। ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ১.৩৭ Percentage Point হ্রাস পেয়েছে। (চিত্র ৯ দ্রষ্টব্য)

চিত্র ৯: ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণী বিন্যাসিত ঋণ
২০১২-২০১৩	২১,০৯১.৭৩	১৬,৩০৮.০৯	২৪,০৯০.৫১	২,১৩৮.০৯
২০১৩-২০১৪	২৪,৭০৯.৫৪	২২,৩৬৯.২৩	২৭,৩০০.৮৩	২,০৪৭.৭৯

২০১৩-২০১৪ অর্থবছরে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্পখাতে শ্রেণীকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণীকৃত ঋণের গড় হার ৭.৫০%। ব্যাংকের ধরণের ভিত্তিতে শিল্পঋণের শ্রেণীকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৮.০৯%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৫.৯৫%, বিদেশী ব্যাংকসমূহের ১.২৭% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১৬.০৩%।

চিত্র ১০ এ বিগত ৩ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বিতরণ, আদায় ও বকেয়া ঋণস্থিতির প্রবৃদ্ধি অত্যন্ত সন্তোষজনক। এছাড়াও শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ বিগত অর্থবছরের তুলনায় ইতিবাচক পর্যায়ে রয়েছে। তবে, কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১% ও ৩০.৭৩% যা কাম্য স্তরের তুলনায় অত্যন্ত কম। ফলে, কৃষিভিত্তিক শিল্পের মূলধন গঠনের প্রবৃদ্ধি আশানুরূপ হচ্ছে না।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

